দৈনিক ইত্তেফাক

তারিখ 15 SEP 2017
পৃ. ৩ কলাম ৮

# ঢাবির 'গ' ইউনিটের ভর্তি পরীক্ষা আজ

■ বিশ্ববিদ্যালয় রিপোর্টার

আজ ব্যবসায় শিক্ষা অনুষদভুক্ত 'গ' ইউনিটের ভর্তি পরীক্ষা দিয়ে শুরু হচ্ছে ঢাকা বিশ্ববিদ্যালয়ে ২০১৭-২০১৮ শিক্ষাবর্ষে ১ম বর্ষ সম্মান শ্রেণির ভর্তিযুদ্ধ। সকাল ১০টা থেকে ১১টা পর্যন্ত বিশ্ববিদ্যালয় ক্যাম্পাস ও ক্যাম্পাসের বাইরের মোট ৫৩টি কেন্দ্রে এ ভর্তি পরীক্ষা অনুষ্ঠিত হবে।

এদিকে, গতকাল বৃহস্পতিবার বিশ্ববিদ্যালয়ের অধ্যাপক আবদুল মতিন চৌধুরী ভার্চুয়াল ক্লাসরুমে এক প্রেস ব্রিফিং-এ ঢাকা বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামান ১ম বর্ষ স্নাতক সম্মান শ্রেণির ভর্তি পরীক্ষা সুষ্ঠুভাবে সম্পন্ন করতে শিক্ষক, শিক্ষার্থী, গণমাধ্যমকর্মীসহ সংশ্লিষ্ট সকলের সহযোগিতা চান। এ সময় কলা অনুষদের ডিন অধ্যাপক ড. আবু মো. দেলোয়ার হোসেন ও অনলাইন ভর্তি কমিটির আহ্বায়ক অধ্যাপক ড. মো. হাসিবুর রশীদ উপস্থিত ছিলেন।

উপাচার্য বলেন, পরীক্ষার হলে ক্যালকুলেটর, ঘড়ি, মোবাইল ফোনসহ টেলিযোগাযোগ করা যায়-এ ধরনের ইলেক্ট্রনিক ডিভাইস বা যন্ত্র সম্পূর্ণ নিষিদ্ধ। ভর্তি পরীক্ষায় কোনো প্রকার জালিয়াতি, অসদুপায় ও অনিয়ম বরদাশ্‌ত করা হবে না। অনিয়ম প্রতিরোধে ভ্রাম্যমাণ আদালত সার্বক্ষণিক দায়িত্ব পালন করবে। এবার 'গ' ইউনিটের ১২৫০টি আসনের জন্য ভর্তিচ্ছু আবেদনকারীর সংখ্যা ২৯,৯৫৪ জন।